দৈনিক ইত্তেফাক

7

তারিখ ... ... ... NOV. 17 1999
পৃষ্ঠা ২৩ কলাম ৬

# কালিয়াকৈরে নিরক্ষরতা মুক্তির চূড়ান্ত পরীক্ষা

গাজীপুর সংবাদদাতা ॥ নিরক্ষর মুক্ত কালিয়াকৈর থানা গড়ার লক্ষ্যে 'অরুণোজ্জল গাজীপুর' নামে গৃহীত সার্বিক সাক্ষরতা আন্দোলনের আওতায় কালিয়াকৈর থানার বিভিন্ন কেন্দ্রে গত শনিবার দিনব্যাপী চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়। থানার ৯টি ইউনিয়নের ৯১টি কেন্দ্রে সকালে মহিলা এবং বিকালে পুরুষ শিক্ষার্থীদের পরীক্ষার আয়োজন করা হয়। পরীক্ষা-গ্রহণকালে কৃষি ও খাদ্যমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়, স্থানীয় সংসদ সদস্য এড্ঃ রহমত আলী, জেলা প্রশাসক শামসুল হক, গাজীপুর পৌরসভার চেয়ারম্যান আ ক ম মোজাম্মেল হক, থানা নির্বাহী অফিসার আশফাক হোসেন প্রতিটি কেন্দ্রপরিদর্শন করেন। গত ১৫ই এপ্রিল হইতে এই থানার ৯৪৬টি শিক্ষা কেন্দ্রে ১১-৪৫ বছর বয়সী সকল নিরক্ষর নারী-পুরুষ সাক্ষর জ্ঞান সম্পন্ন শেষে এই চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই এই থানার অক্ষরজ্ঞানহীন ছিল এমন ২৮ হাজার ১০৭ জন নারী-পুরুষ শিক্ষার্থী এ চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করে। পরীক্ষা গ্রহণকালে প্রতিটি কেন্দ্রেই উৎসবমুখর পরিবেশ লক্ষ্য করা যায়। টঙ্গী পৌর এলাকায় পরীক্ষা গ্রহণ সমাপ্ত হইলে পুরো গাজীপুর জেলা নিরক্ষরমুক্ত হইবে।